

# **া** মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ১০৩৪

পর্ব-৪: সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ ২১. দ্বিতীয় অনুচ্ছেদ - তিলাওয়াতের সিজদ্

## আরবী

وَعَنِ ابْنِ عَبَّاسٍ: أَنَّ النَّبِيَّ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ لَمْ يَسْجُدْ فِي شَيْءٍ مِنَ الْمُفَصَّلِ مُنْذُ تَحَوَّلَ إِلَى الْمَدِينَةِ. رَوَاهُ أَبُو دَاؤُد

#### বাংলা

১০৩৪-[১২] ইবনু 'আব্বাস (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম মদীনায় যাওয়ার পর মুফাসসাল সূরার কোন সূরায় সিজদা্ (সিজদা/সেজদা) করেননি। (আবূ দাউদ)[1]

# ফুটনোট

[1] য'ঈফ : আবূ দাউদ ১৪০৩। কারণ এর সানাদে মাত্র আল ওয়াররাক্ক একজন অধিক ভুলকারী রাবী।

### ব্যাখ্যা

ব্যাখ্যা: ইমাম মালিক (রহঃ) এ হাদীসকে তাঁর মতের দলীল পেশ করেছেন যে, মুফাসসাল সূরাসমূহে তিলাওয়াতের সিজদা (সিজদা/সেজদা) নেই। কিন্তু এ হাদীসটি য'ঈফ যা দলীলযোগ্য নয়। আর এটি সহীহ হলেও তা দলীলের জন্য যথেষ্ট নয়। কারণ 'আলিমগণ এ বিষয়ে একমত যে, আবৃ হুরায়রাহ্ (রাঃ) সপ্তম হিজরীতে ইসলাম গ্রহণ করেছেন। আর তিনি বলেছেনঃ আমরা রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-এর সাথে সূরাহ্ ইনশিকা-ক ও সূরাহ্ 'আলাক্ক তিলাওয়াতের পর সিজদা্ করেছি। আর সূরাহ্ ইনশিকা-ক ও সূরাহ্ 'আলাক্ক মুফাসসাল সূরাসমূহের অন্তর্ভুক্ত। এতে প্রমাণিত হয় যে, মুফাসসাল সূরাতেও তিলাওয়াতের সিজদা্ বিধিসম্মত।

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি



👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন